তারিখ ... 27 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ২ ... ......

দৈনিক
ইত্তেফাক

# স্কুল পর্যায়ে শিক্ষার হাল

পত্রিকান্তরে প্রকাশ—খুলনা বিভাগের ১৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধানশিক্ষকের পদ শূন্য। নওগাঁ জেলার সাপাহার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে এক সময়ের ৭০০-৮০০ ছাত্রীর স্থলে বর্তমানে ১৫০ জন রয়েছে। ঐ উচ্চ বিদ্যালয়ে অঙ্কের শিক্ষক কয়েক বছর নাই। বিদ্যালয়ের এমন বেহাল অবস্থার কারণে কোনো শিক্ষক নাকি বেশিদিন থাকেন না। সরকার শিক্ষার সার্বিক উন্নয়নে অগ্রাধিকার দেওয়া সত্ত্বেও দুঃখজনক হলেও সত্য যে এমন 'করুণ' অবস্থা। প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়েই কোমলমতি ছাত্রছাত্রীদের শিক্ষার ভিত তৈরি হয়। শিক্ষা এবং শিক্ষাপ্রতিষ্ঠানের দুরবস্থার প্রকৃত তথ্য উদ্ঘাটন করে সেগুলো দ্রুত সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের সর্বোচ্চ মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

**কাজিমদার ওয়ালিউল হক**
নওগাঁ